

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

৪৪.০৪.০০০০.০২১.০৩.০২০.২০২৬-১৮৬

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

বিষয়ঃ কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে “অনলাইন প্ল্যাটফর্মে” সাক্ষাতকরণ প্রসঙ্গে।

কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে সাক্ষাতের জন্য কারা অধিদপ্তর, ঢাকার পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০১৪.২৪-৫৪, তারিখ ১৩ জানুয়ারী ২০২৫ মূলে কারা কর্মকর্তা-কর্মচারীগণ কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে সাক্ষাতের জন্য প্রতি সোমবার ও বুধবার (সরকারি ছুটির দিন ব্যতীত) দুপুর ০২:০০ ঘটিকার পর সময় নির্ধারণ করা হয়।

২। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, দূর-দূরান্ত থেকে উল্লেখ যোগ্য সংখক কারা কর্মকর্তা-কর্মচারীগণ কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে সাক্ষাত করার জন্য কারা অধিদপ্তর, ঢাকায় আসা-যাওয়া করছেন এবং এত তাদের আর্থিক ক্ষতি এবং সময় অপচয়ের মধ্যে পড়তে হচ্ছে। উল্লেখিত আর্থিক ক্ষতি এবং সময় সাশ্রয়ের লক্ষ্যে সশরীরে সাক্ষাতকার নিরুৎসাহিত করা হলো। কারা কর্মকর্তা-কর্মচারীগণ এখন হতে কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে সশরীরে সাক্ষাতে না এসে অনলাইন প্ল্যাটফর্মে “হোয়াটস এ্যাপে ভিডিও কলের মাধ্যমে” সাক্ষাত করতে পারবেন এবং নিজ নিজ সমস্যা তুলে ধরতে পারবেন মর্মে কারা অধিদপ্তর, ঢাকার পত্র নং- ৪৪.০৪.০০০০.০২১.০৩.০২০.২০২৬-১৭১, তারিখ ১৬ মার্চ ২০২৬ মূলে অনলাইন প্ল্যাটফর্মে “হোয়াটস এ্যাপে ভিডিও কলের মাধ্যমে” সাক্ষাতের আদেশ জারী করা হয় এবং এতে কারা কর্মচারীদের ব্যাপক সাড়া পাওয়া যায়।

৩। উপরের বর্ণনার আলোকে প্রতি সোমবার ও বুধবার (সরকারি ছুটির দিন ব্যতীত) এর পরিবর্তে শুধুমাত্র বুধবার দুপুর ০২:০০ ঘটিকার পর কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে অনলাইন প্ল্যাটফর্মে “হোয়াটস এ্যাপে” সাক্ষাতের জন্য প্রতি মঙ্গলবার ০২:০০ ঘটিকার মধ্যে “নির্ধারিত ছক” মোতাবেক তথ্যাদি পূরণকরত: স্ক্যান করে ০১৭৬৯৯৭০০০৪ নম্বরে (Staff officer) শুধুমাত্র whatsapp-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে ভিডিও সাক্ষাতকারের পূর্ববর্তীদিন সন্ধ্যা ০৭:০০ ঘটিকা/পরবর্তী দিন সকালে আবেদনকারীদের নিশ্চিত করা হবে কখন চাহিদাকৃত ভিডিও কলে সাক্ষাতকার অনুষ্ঠিত হবে।

সংযুক্তঃ নির্ধারিত ছক.....০১ (এক) পাতা।



মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণঃ

১. প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
৩. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৪. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার। (আদেশটি রোলকলে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।)
৫. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/প্রসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক এর অবগতির জন্য।
১০. গার্ড ফাইল।



সর্বশেষ সাক্ষাতের তারিখঃ.....

বিভিন্ন কারাগার হতে “অনলাইন প্ল্যাটফর্মে” কর্মচারীদের সাথে কারা মহাপরিদর্শক মহোদয়ের সাক্ষাৎকার

তারিখঃবারঃ.....

১। কর্মচারীর পদবী ও নম্বরঃ.....

২। নামঃ.....

৩। নিজ জেলাঃ.....

৪। বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকে কার্যালয়ে হাজির হয়েছিলেন কিনাঃ হ্যাঁ /না খালি ঘরে টিক দিন। হ্যাঁ হলে কি সিদ্ধান্ত হয়েছিল (সংক্ষেপে).....

৫। মোট চাকুরীকাল কতদিন হয়েছেঃ..... বছর..... মাস..... দিন

৬। বর্তমান কর্মস্থলঃ.....

৭। পূর্ববর্তী তিনটি কর্মস্থলঃ (ক).....

(খ).....(গ).....

৮। বর্তমান কর্মস্থলে কি কারণে বদলী হয়েছেঃ.....

৯। বর্তমান কর্মস্থলে চাকুরীকাল কতদিন হয়েছেঃ বছর..... মাস..... দিন

১০। হাজির হওয়ার কারণ (বদলী সংক্রান্ত হলে কারাগারের নাম উল্লেখ করতে হবে) (ক)

(খ).....(গ).....

১১। অভিযোগ/শাস্তিঃ (ক) লঘু.....(খ) গুরু.....(গ) মোটঃ.....

১২। হোয়াটসএ্যাপ মোবাইল নম্বরঃ.....

বিশেষ দ্রষ্টব্যঃ

(ক) প্রশাসনিক কারণে বদলী হলে অবশ্যই বদলীর আদেশ সংযুক্ত করতে হবে।

(খ) তথ্য গোপন/অসম্পূর্ণ তথ্য প্রেরণ করলে সাক্ষাতকার বাতিল করা হবে এবং কারণ দর্শানো নোটিশ করা হবে।

(গ) সাময়িক বরখাস্ত/চাকুরিচ্যুত কর্মচারীদের সাক্ষাতকার নিরুৎসাহিত করা হলো।

(ঘ) সর্বশেষ সাক্ষাতের ০৬ (ছয়) মাসের মধ্যে পুনরায় সাক্ষাতকার গ্রহণ করা হবে না।